চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম।

প্রেস বিজ্ঞপ্তি

ক্যাবের কর্মশালায়

পোল্ট্রি খাদ্যের নিরাপদ উৎপাদনে আধুনিক
মুরগী জবাইখানা নির্মাণের ইচ্ছা মেয়রের

চট্টগ্রাম- ২৬ সেপ্টেম্বর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বলেছেন মানুষে মানুষে চিন্তার ভিন্নতা থাকতে পারে, কিন্তু সমষ্টির ও দেশের স্বার্থে সকলের মধ্যে চিন্তার ঐক্যের প্রয়োজন। তাহলে দেশ এগুবে। বিদেশে গেলে কাজের উন্নতি দেখলে, আমরা এখনো তাদের কাছ থেকে কত পিছিয়ে আছি তা উপলব্ধি করতে পারি। আমার স্বপ্ন আছে পোল্ট্রি শিল্পের জন্য আধুনিক মুরগী জবাইখানা নির্মাণের। একনেকে অনুমোদন হলে শিঘ্রই এর কাজ শুরু করবো। তিনি আজ বুধবার নগর ভবনে কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে মাল্টি স্টেক হোল্ডারস কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। ইউকে এইড, ব্রিটিশ কাউন্সিলের সহায়তায় প্রকাশ প্রকল্পের কারিগরী সহযোগীতায় পোল্ট্রি সেক্টরে সুশাষন প্রকল্প, কনজ্যুমারস এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব) চট্টগ্রাম এই কর্মশালার আয়োজন করে। কর্মশালায় সভাপতিত্ব করেন ক্যাব চট্টগ্রাম বিভাগের সভাপতি এস এম নাজের হোসাইন। এতে পোল্ট্রি সেক্টরে নিরাপদ খাদ্য নিশ্চিতে একটি সচিত্র প্রতিবেদন উপস্থাপন করেন জেলা প্রাণী সম্পদ কর্মকর্তা ডা. সেতু ভুষন দাশ ও ক্যাব চট্টগ্রাম বিভাগের সাধারণ সম্পাদক কাজী ইকবাল বাহার ছাবেরী। শুভেচ্ছা বক্তব্য রাখেন বিট্রিশ কাউন্সিল প্রকাশ প্রকল্পের সমন্বয়কারী শ্যামল চাকমা। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন চসিকের সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর আঞ্জুমান আরা বেগম, আবিদা আজাদ, চট্টগ্রাম চেম্বার অব কমার্স ইন্ডাস্ট্রিজের পরিচালক ছগির আহম্মদ, বনফুল গ্রুপের চেয়ারম্যান ও চেম্বার পরিচালক আবদুল মোতালেব, চেম্বার পরিচালক মাহফুজুল হক শাহ প্রমুখ। এতে উপস্থিত ছিলেন ক্যাব চট্টগ্রাম মহানগর সভপতি জেসমিন সুলতানা পারু, সম্পাদক অজয় মিত্র শংকু, যুগ্ম সম্পাদক এ এম তৌহিদুল ইসলাম, মো. শাহীন চৌধুরী, মো. জানে আলম, বিভাগীয় সমন্বয়কারী মো. জহিরুল ইসলাম, ফারহানা আক্তার, হারুন গফুর ভূইয়া, জান্নাতুল ফেরদৌস, সেলিম জাহাঙ্গীর, মো. আলমগীর বাদশা, সেলিম সাজ্জাদ ও রুবী খাঁন প্রমুখ।

প্রাণী সম্পদ কর্মকর্তা সেতু ভুষন দাশের প্রতিবেদনে বাজার নিয়ন্ত্রণ আইন বিধি, জাতীয় পোল্ট্রি উন্নয়ন নীতিমালা ও কিভাবে পরিস্কার, জীবানুমুক্ত, নির্ভেজাল, দুর্গন্ধমুক্ত খাঁটি নিরাপদ খাদ্য নিশ্চিত করা যায় সে বিষয়ে আলোচনা করেন। এতে দেশের ১৭ কোটি মানুষের প্রাণীজ আমিষের যোগানে পোল্ট্রি সেক্টর কি ভূমিকা রাখছে তা উঠে আসে। তিনি পোল্ট্রি খাদ্য নিরাপদ উৎপাদন, বিপণন ও পোল্ট্রি মাংসের নিরাপদ করার জন্য সরকারি-বেসরকারি উদ্যোগের পাশাপাশি ভোক্তাদের সচেতন হওয়ার ওপর জোড় দেন। এই প্রাণী সম্পদ কর্মকর্তা মানুষের মাঝে নিরাপদ খাদ্য বিশেষ করে পোল্ট্রি মাংস নিশ্চিত করতে সরকারি মান তদারকি প্রতিষ্ঠান, জেলা প্রশাসক, প্রাণী সম্পদ অফিস, বিএসটিআই, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, ভোক্তা সংরক্ষন অধিদপ্তর ও ক্যাবের ঐক্যবদ্ধ সমন্বিত উদ্যোগ প্রয়োজন বলে মত দেন। তার প্রতিবেদন সূত্রে জানা যায় সুস্থ সবল থাকার জন্য প্রতিদিন একজন মানুষের ১২০ গ্রাম মাংস, ২৫০ মিলি. দুধ ও ১টি ডিম খাওয়া প্রয়োজন। তাই পোল্ট্রি খাদ্য ও মাংস নিরাপদ করা আজ সময়ের দাবি।

প্রেস বিজ্ঞপ্তি

মহানগর আওয়ামী ক্রীড়া ফোরাম গঠিত

চট্টগ্রাম- ২৬ সেপ্টেম্বর ২০১৮

আজ বুধবার বিকেলে চট্টগ্রাম মহানগর আওতাধীন ওয়ার্ড সমুহের যুব ও ক্রীড়া সম্পাদক ও সংঘঠক ও ক্রীড়াবিদদের এক সভা সিটি কর্পোরেশন কনফারেন্স হলে অনুষ্ঠিত হয়। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আলহাজ্ব আ.জ.ম নাছির উদ্দিন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের যুব ও ক্রীড়া সম্পাদক আলহাজ্ব দিদারুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় চসিক কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, মোরশেদুল আলম, বজল আহমেদ, হাজী মো. নুরুল হুদা, মো. ইলিয়াছ মিয়া জিমু, মো. আবদুল জলিল, কামরুল হাসান, আ ন ম ফরিদ উদ্দিন ফরহাদ, মো. শাহপরান নিশান, মো. জাবেদ, এম হাসান মুরাদ, সৈয়দ মোরশেদ জামান খসরু, মো. আইয়ুব, মো. আব্দুল গফুর পন্টি ও মাসুদুর রহমান মাসুদ প্রমুখ উপস্থিত ছিলেন।

এ সভায় মহানগর আওয়ামী লীগের সাধারন সম্পাদক ,সিটি মেয়র আলহাজ্ব আ.জ.ম নাছির উদ্দীন প্রধান পৃষ্ঠপোষক,আলহাজ্ব দিদারুল আলম চৌধুরী সভাপতি ও এস এম শহীদুল ইসলাম সাধারণ সম্পাদক এবং হাজী মোহাম্মদ শাহাবুদ্দিনকে কোষাধ্যক্ষ করে "মহানগর আওয়ামী ক্রীড়া ফোরাম "গঠন করা হয়। মহানগরস্থ ক্রীড়াবিদ,ক্রীড়া সংগঠক ও ক্রীড়া পৃষ্ঠপোষকদের সমন্বয়ে একটি পুণাঙ্গ কমিটি গঠন করা হবে । এই কমিটিতে মহানগরের প্রতিটি ওয়ার্ডের ক্রীড়া সম্পাদক পদাধিকার বলে সদস্য থাকবে। সভায় আগামী ১৫ই অক্টোবর-২০১৮ এর মধ্যে প্রতিটি ওয়ার্ডে ক্রীড়াবিদ,ক্রীড়া সংগঠক ও ক্রীড়া পৃষ্ঠপোষকদের নামের তালিকা প্রস্তুতপূর্বক স্ব-স্ব ওয়ার্ডে একটি সমন্বয় সভা করা, ওয়ার্ড ও ইউনিট ভিত্তিক আওয়ামী ক্রীড়া ফোরাম গঠন , ক্রীড়া অনুষ্ঠানের কর্মসুচি গ্রহন, প্রতিটি ওয়ার্ডে মাঠের তালিকা প্রস্তুতকরণ এবং যে সকল ওয়ার্ডে মাঠ নেই, তা ফোরামের প্রধান কার্যালয়ে জানানোর জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন বিনোদনের শক্তিশালী দিক হলো ক্রীড়া। খেলাধুলার মাধ্যমে মানুষ যে আনন্দ গ্রহণ করে অন্যকোন বিনোদনে সে আনন্দ পাওয়া যায় না। দেশের যুব সমাজ আজ বিপথে পরিচালিত হয়ে নিজে ধ্বংস হচ্ছে, সমাজকে ধ্বংস করছে, সর্বোপরি দেশকে ধ্বংস করছে। এই যুব সমাজকে রক্ষায় খেলাধুলা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। খেলাধুলায় প্রজন্মকে অংশগ্রহণ করাতে পারলে সে যেকোন অনৈতিক কর্ম, নেশা ও সন্ত্রাসী কার্যক্রম থেকে নিজেকে মুক্ত রাখতে পারবে। আওয়ামী ক্রীড়া ফোরামের এই উদ্যোগকে কার্যকর করার জন্য সার্বিক সহযোগিতা প্রদানের আশ্বাস দেন মেয়র।

চসিক ভ্রাম্যমান আদালত পরিচালিত অব্যাহত

চট্টগ্রাম- ২৬ সেপ্টেম্বর ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে আজ বুধবার সকালে চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে নগরীর কোতোয়ালী থানাধীন বলুয়ারদীঘি পাড়স্থ অভয়মিত্র মহাশ্মশানের সামনের রাস্তায় অবৈধভাবে নির্মিত দোকান উচ্ছেদ করে মহাশ্মশানে যাতায়াতের রাস্তা অবৈধদখল মুক্ত করা হয়। পরবর্তীতে সৌন্দর্যবর্ধনের কার্যক্রমের অংশ হিসেবে প্রবর্তক মোড় থেকে মক্কি মসজিদ পর্যন্ত ওআরনিজাম রোডের পাশ্বের জায়গা থেকে অবৈধ ভাসমান দোকানপাট উচ্ছেদ করা হয়। একই অভিযানে চকবাজারস্থ প্রেড কর্ণার এর পূর্ব পাশে ও উত্তর পাশের রাস্তার উপর বর্ধিত দোকানের অংশ ও রাস্তায় অবৈধভাবে বসা প্রায় ১৫টি ভাসমান দোকান উচ্ছেদ করা হয়। এ সময় দোকানের অংশ অবৈধভাবে ফুটপাতের উপর বর্ধিত করে দোকানের মালামাল স্তুপ করে জনদুর্ভোগ সৃষ্টির দায়ে জুনাইদা মেটাল ইন্ডাস্ট্রিজকে ৫ হাজার টাকা, কাদেরীয়া স্টীলকে ৫ হাজার টাকা, চিশতীয়া স্টীলকে ৫ হাজার টাকা ও হামিম স্টীলকে ৫ হাজার টাকা সহ সর্বমোট ২০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

অভিযানকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সংশিষ্ট বিভাগের কর্মকর্তা ও কর্মচারীগণ এবং সিএমপি পুলিশ ম্যাজিষ্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৬ সেপ্টেম্বর ২০১৮

আজ বুধবার সকালে নগরীর দেওয়ানবাজারস্থ জোনাল মেডিকেল অফিসার কার্যালয়ে স্বাস্থ্য ও পুষ্টি সেবা প্রদানকারী এনজিও ও সহযোগী সংস্থার সাথে আঞ্চলিক এবং কৃমি নিয়ন্ত্রন সপ্তাহ উদযাপন উপলক্ষে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন চসিক প্যানেল মেয়র কাউন্সিলর চৌধুরী হাসান মাহমুদ হাসনী। চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ডা. তপন কুমার চক্রবর্তী, ডা. আতিকুল হক, ডা. নাহিদ আহম্মদ চৌধুরী, ডা. সেলিম, ডা. ইমাম হোসেন। সভায় ১ অক্টোবর ২০১৮ থেকে সপ্তাহব্যাপি জাতীয় কৃমি নিয়ন্ত্রন সপ্তাহ ও ক্ষুদে ডাক্তার কর্তৃক শিক্ষার্থীদের স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম, নগরের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ৫-১৬ বছর সকল ছাত্র-ছাত্রী ও অন্যান্য শিশুদের কৃমি নাশক ট্যাবলেট খাওয়ানো এবং ৫-১৬ বছর বয়সী পথ শিশু, কর্মজীবী শিশু, বিদ্যালয় হতে ঝড়ে পড়া সকল শিশুকে বিদ্যালয়ে উপস্থিতির মাধ্যমে ঔষধ সেবনের বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন